

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে :

শিক্ষক পদ

- ১। গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ
(ক) অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল : ৮ঃ ৫৬৫০০-৭৪৪০০/-।
(খ) সহকারী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/-।
- ২। পদার্থ বিজ্ঞান বিভাগ
সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/-।
- ৩। পুরকৌশল বিভাগ
(ক) সহকারী অধ্যাপক-এর ২ টি পদ। ১ টি স্থায়ী ও ১ টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপকের বিপরীতে)। বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/-।
(খ) লেকচারার-এর ৩ টি অস্থায়ী পদ। বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/-।
- ৪। নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ
(ক) সহকারী অধ্যাপক-এর ১ টি অস্থায়ী পদ (অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/-।
(খ) লেকচারার-এর ২ টি অস্থায়ী পদ। বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/-।
- ৫। তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ
লেকচারার-এর ৪ টি অস্থায়ী পদ। বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/-।
- ৬। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
লেকচারার-এর ২ টি অস্থায়ী পদ। বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/-।

উল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ৩০/০১/২০১৯

সকল পদের জন্য প্রয়োজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-1) ফরমে সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (REG-1-এ ১৫ সেট) জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পিউটার BUET-এর অনুকূলে প্রদেয় ৩য়, ৪র্থ ও ৫ম গ্রেড (বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/-, ৫০০০০-৭১২০০/- ও ৪৩০০০-৬৯৮৫০/-) পদে আবেদনের জন্য ৮ঃ ১,০০০/- (এক হাজার) ও অন্যান্য পদের জন্য ৮ঃ ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পিউটার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/ Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত (REG-1) ফরম ও শিক্ষক পদের Q.T এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক ডঃ এস.এম. মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/৮৫০৫৫/৮৬৭৯৪/৮৬৯৯৮/৮৭০৬৯/৮৮৩৮৪/৮৬৮৫১/রে-৩৩৮৫(৬০)

তারিখঃ ০৮/০১/২০১৯

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :-

- ১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। পরিচালক, আই.আই.সি.টি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- (বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।